গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
আইন ও বিচার বিভাগ
বিচার শাখা-৩।

নং- ৫৭৭ -বিচার-৩/২এম-১৪/৮৮(অংশ) তারিখঃ- ২৬/১১/১৩

# বিজ্ঞপ্তি

বাংলাদেশ সুপ্রীম কোর্টের সাথে পরামর্শক্রমে নিম্নবর্ণিত বিচারক (জেলা জজ), পরিবেশ আপীল আদালত/ বিশেষ জজদ্বয়-কে ২০১৩ সালের ০২ ডিসেম্বর হতে ৩১ ডিসেম্বর পর্যন্ত দেওয়ানী আদালতের অবকাশকালীন সময়ে তাদের নামের বিপরীতে উল্লেখিত জেলায় (সংশ্লিষ্ট জেলার মহানগর দায়রা জজ আদালত, নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনাল, বিশেষ জজ ও জননিরাপত্তা বিঘ্নকারী অপরাধ দমন ট্রাইব্যুনালসহ) জরুরী দেওয়ানী ও ফৌজদারী মামলা সমূহ গ্রহণ এবং উহা হতে উদ্ভূত জরুরী বিষয় সমূহ শুনানী ও নিষ্পত্তি করার জন্য অবকাশকালীন জজ নিয়োগ করা হল।

| ক্রমিক নং | নাম, পদবী, বর্তমান কর্মস্থল ও নিবাস | জেলা সমূহ |
|---|---|---|
| ১. | জনাব মোঃ হুমায়ুন কবির<br>বিচারক(জেলা জজ), পরিবেশ আপীল আদালত, ঢাকা। | ঢাকা মহানগর |
| ২. | জনাব মোঃ শফিকুর রহমান<br>বিশেষ জজ, ফরিদপুর। | ফরিদপুর জেলা |

২। উল্লিখিত কর্মকর্তাদ্বয়-কে উক্ত অবকাশ কালীন সময়ে ফৌজদারী কার্যবিধির ৪৩৫ ধারার অধীন পুনর্বিবেচনার দরখাস্ত ব্যতীত সকল ফৌজদারী দরখাস্ত ও মামলা গ্রহণ এবং নিষ্পত্তি করার জন্য ফৌজদারী কার্যবিধির ১৯৩(২) ধারার অধীন ক্ষমতা প্রদান করণ এবং তাদেরকে উক্ত অবকাশ কালীন সময় তাদের নামের পাশে বর্ণিত জেলা সমুহের সদর দপ্তরে আসন গ্রহণ করার জন্য ফৌজদারী কার্যবিধির ৯(৪) ধারার ক্ষমতা প্রদান করা হল।

৩। উক্ত বিচারকগণকে অবকাশকালীন সময়ে The civil court Act, 1887 (Act no. X11 of 1887) ধারা ১৪ ও ৩৬ অনুযায়ী সংশ্লিষ্ট জেলার অধিক্ষেত্রের জেলা সদরে আসন গ্রহণ করে জরুরী দেওয়ানী মামলা গ্রহণ ও উহা হতে উদ্ভূত জরুরী বিষয়ে শুনানী ও নিষ্পত্তি করার ক্ষমতা প্রদান করা হল।

৪। সার্কিট ডিউটিতে নিয়োজিত কর্মকর্তাগণ স্ব-স্ব সরকারী গাড়ী ব্যবহারে প্রাধিকার পাবেন। যারা সরকারী গাড়ী ব্যবহার করবেন তারা টি/এ প্রাপ্ত হবে না।

৫। অত্র বিভাগ হতে জারীকৃত ১৩/১১/১৩খ্রিঃ তারিখের ৬৫১-বিচার-৩/২এম-১৪/৮৮(অংশ)নং বিজ্ঞপ্তির ১১ ও ৫৫নং ক্রমিকের অংশটুকু এতদ্বারাবাতিল করা হল।

৬। জনস্বার্থে এ আদেশ জারী করা হল।

( মোহাম্মদ আমির উদ্দিন )
উপ-সচিব(প্রশাসন-১)।

নং- ৫৭৭ -বিচার-৩/২এম-১৪/৮৮(অংশ) তারিখঃ-২৬/১১/১৩

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হল ঃ

১। রেজিস্ট্রার, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।

২। জেলা ও দায়রা জজ/মহানগর দায়রা জজ,

প্রশাসনিক কারণে জেলা জজের কার, টেলিফোন ও অফিস চেম্বার ব্যবহারের নিমিত্ত সার্কিট ডিউটিতে নিয়োজিত কর্মকর্তাগণ-কে বিশেষ সুযোগ প্রদানের জন্য সংশ্লিষ্ট জেলা জজ/মহানগর দায়রা জজ-কে অনুরোধ করা হল।

সার্কিট ডিউটিতে কর্মরত কর্মকর্তাগণ ব্যতীত জেলা জজশীপে/ মহানগর দায়রা জজ আদালতে কর্মরত অপরাপর বিচার বিভাগীয় কর্মকর্তা (জেলা জজ/ মহানগর দায়রা জজ, অতিরিক্ত জেলা জজ/অতিরিক্ত মহানগর দায়রা জজ, যুগ্ম জেলা জজ/যুগ্ম মহানগর দায়রা জজ, সিনিয়র সহকারী জজ, সহকারী জজ, বিশেষ জজ, বিচারক, নারী ও শিশু নির্যাতন দমন বিশেষ ট্রাইব্যুনাল/ বিচারক, জননিরাপত্তা বিঘ্নকারী অপরাধ দমন ট্রাইব্যুনাল এবং পরিবেশ আপীল আদালতের বিচারক ও পরিবেশ আদালতের বিচারকগণ)-কে দেওয়ানী আদালতের ছুটি কালীন সময়ে ছুটিভোগসহ কর্মস্থল ত্যাগের অনুমতি প্রদান করা হল।

৪। জনাব..........................................................................জেলা জজ/ বিশেষ জজ/বিচারক,

৫। জনাব/বেগম ..........................................................................বিচারক, নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনাল নং-৫ঢাকা/ফরিদপুর।

আপনাকে অবকাশকালীন জজের দায়িত্ব হতে অব্যাহতি প্রদান করা হল।

৬। স্পেশাল জজ/বিচারক, নারী ও শিশু নির্যাতন দমন বিশেষ ট্রাইব্যুনাল/ বিচারক, জননিরাপত্তা বিঘ্নকারী অপরাধ দমন ট্রাইব্যুনাল,

৮। বিচারক, পরিবেশ আপীল আদালত, ঢাকা।

৯। বিচারক, পরিবেশ আদালত, ঢাকা/চট্টগ্রাম।

১০। জেলা প্রশাসক,

১১। পুলিশ সুপার,

১২। মাননীয় মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, আইন,বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।

১৩। মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, আইন,বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।

১৪। সিনিয়র তথ্য কর্মকর্তা, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।

১৫। সচিব মহোদয়ের একান্ত সচিব, আইন ও বিচার বিভাগ, আইন,বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।

১৬। উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা।
উপরের বিজ্ঞপ্তি বাংলাদেশ গেজেটে প্রকাশ করিতে অনুরোধ করিতেছি।

১৭। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, আইন,বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।

১৮। সিনিয়র সহকারী সচিব,১/২/৪/৫/৮, আইন ও বিচার বিভাগ, আইন,বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।

১৯। বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক/জেলা হিসাব রক্ষণ কর্মকর্তা,

২০। যুগ্ম-সচিব/সলিসিটর মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, আইন ও বিচার বিভাগ।

২১। উপ-সচিব(প্রশাসন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, আইন ও বিচার বিভাগ।

২৬/১১/১৩

(মোহাম্মদ জহিরুল কবির )
সিনিয়র সহকারী সচিব
ফোন-৯৫৭৬৬৩১।